সংবাদ

তারিখ 26 JAN 2007
পৃষ্ঠা 28 কলাম 2

## সরকারি আদেশ পৌঁছেনি

# স্কুলগুলোতে জানুয়ারি মাসের টেস্ট পরীক্ষা হচ্ছে না

নিজস্ব বার্তা পরিবেশক

চলতি শিক্ষা বছর শুরুর প্রথম মাসেই মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুলগুলোতে মাসিক টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে না। রাজনৈতিক পরিস্থিতির কারণে সরকারি আদেশ জারিতে দেরি হওয়ায় এবং আদেশ জারি হওয়ার পর তা স্কুলগুলোতে না পৌঁছানোর ঘটনাকেই এজন্য দায়ী করেছেন স্কুল কর্তৃপক্ষ। বছর শুরুর প্রথম মাসেই মাসিক টেস্ট পরীক্ষা না হওয়ার আরও একটি কারণ হচ্ছে বেশিরভাগ বেসরকারি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি শেষ হলেও ৩২৭টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি শুরু হয়েছে গত বুধবার। ফেব্রুয়ারির দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত এ ভর্তি চলবে। আর বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শেষ হয়েছে বুধবার।

এ ব্যাপারে গত ১৫ জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মো. সেলিম উল্লাহ এক আদেশ জারি করেন; কিন্তু স্কুলগুলোতে খোঁজ নিয়ে জানা গেছে, ওই আদেশ এখনও পৌঁছায়নি। আগের বছরগুলোতে এ সংক্রান্ত আদেশ শিক্ষাবর্ষ শুরুর প্রথম মাসের প্রথম সপ্তাহেই জারি হতো। ফলে স্কুলগুলোর পক্ষে বছর শুরুর প্রথম মাসেই মাসিক টেস্ট পরীক্ষার আয়োজন সম্ভব হতো বলে জানিয়েছেন একাধিক স্কুলের প্রধান শিক্ষক। মন্ত্রণালয় বলেছে, আদেশ জারির দায়িত্ব দেয়া হয়েছে শিক্ষা অধিদপ্তরকে; কিন্তু এ আদেশ স্কুলগুলোতে সরবরাহ করা হয়েছে কি না তা খোঁজ নিয়ে দেখা হয়নি। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী ৩২৭টি সরকারি মাধ্যমিক স্কুলসহ সারাদেশে মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুলের সংখ্যা ১৭ হাজার।

শিক্ষক নেতা আউয়াল সিদ্দিকী 'সংবাদ'কে বলেন, বেশিরভাগ স্কুলে এ সংক্রান্ত আদেশ পৌঁছায়নি। ফলে বছর শুরুর প্রথম মাসেই মাসিক টেস্ট পরীক্ষা আয়োজন করা সম্ভব নয়। এ ব্যাপারে সরকারের আগেভাগেই আন্তরিক হওয়ার প্রয়োজন ছিল বলে তিনি মন্তব্য করেন।